# গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

*(পেট্রোবাংলার একটি কোম্পানী)*

প্লট নং-এফ, ১৮/এ, শের-ই-বাংলানগর, প্রশাসনিক এলাকা, আগারগাঁও, ঢাকা-১২০৭।

**বিষয়ঃ ০৫-১২-২০২১ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিম সভার কার্যবিবরণী।**

**সভাপতি** : পরিচালক (অপারেশন), জিটিসিএল ও আহ্বায়ক, ইনোভেশন টিম।

সভার তারিখ : ০৫-১২-২০২১

সভার সময় : সকাল ১১:০০ ঘটিকা

স্থান : পরিচালকের (অপারেশন) দপ্তর (লেভেল-৫), জিটিসিএল।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** হিসেবে সংযুক্ত।

১। ভূমিকাঃ

জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান সহজীকরণ পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে প্রশাসন বিভাগের অফিস আদেশ নং- ৬৩/২০১৫ ও সূত্র নং- ২৮.১৪.০০০০.১০৮.০৯.০২৩.১৫.৪০১; তারিখঃ ০৪-০৬-২০১৫ এবং অফিস আদেশ নং-২১/২০১৬ ও সূত্র নং-২৮.১৪.০০০০.১০৮.০৯.০০৫.১৬.৮২; তারিখঃ ২৮-০১-২০১৬ এর মাধ্যমে জিটিসিএল কর্তৃক গঠিত ইনোভেশন টিমের একটি সভা পরিচালক (অপারেশন), জিটিসিএল ও আহ্বায়ক, ইনোভেশন টিমের সভাপতিত্বে গত ০৫-১২-২০২১ তারিখে কোম্পানির প্রধান কার্যালয়ে পরিচালকের (অপারেশন) দপ্তরে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ইনোভেশন টিমের সকল সদস্য উপস্থিত ছিলেন।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং উপ-মহাব্যবস্থাপক (আইসিটি), জিটিসিএল ও ইনোভেশন টিমের সদস্য-সচিব-কে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোচনা করতে অনুরোধ করেন। আলোচনায় ২০২১-২২ অর্থবছরের জন্য প্রস্তাবিত ইনোভেটিভ আইডিয়াগুলির বাস্তবায়নযোগ্যতা পর্যালোচনা করা হয়।

২। আলোচনাঃ

২০২১-২২ অর্থবছরের জন্য সর্বসাকূল্যে ১১ টি ইনোভেটিভ আইডিয়া জিটিসিএল এর কর্মকর্তা / কর্মচারী হতে পাওয়া যায়। প্রস্তাবিত আইডিয়াগুলি নিয়ে ইনোভেশন টিম এর পর্যবেক্ষণ নিম্নরূপঃ

| ক্রমিক নং | প্রস্তাবিত ইনোভেটিভ আইডিয়া | ইনোভেশন টিমের পর্যবেক্ষণ |
|---|---|---|
| ১ | জিটিসিএল প্রধান কার্যালয় ভবনের ছাদে ছাদ বাগান (Roof Gardening) করা | আইডিয়াটি পরবর্তী যে কোন অর্থবছরে বাস্তবায়নের সম্ভাব্যতা যাচাইয়ের বিষয়ে কমিটি একমত পোষণ করেন। |
| ২ | জিটিসিএল-এর পাইপলাইনের পাশ দিয়ে নিজস্ব Right of way বরাবর পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (PPP) ভিত্তিতে বিনা খরচে ফাইবার অপ্টিক ক্যাবল স্থাপন | জিটিসিএল এর বিদ্যমান পাইপাললাইন নেটওয়ার্কে আইডিয়াটি বাস্তবায়নের প্রয়োজনীয় কাঠামো তৈরি দূরহ হবে বিধায় আইডিয়াটি কমিটির নিকট গ্রহণযোগ্য হয় নি। |
| ৩ | Sensor Thermometer & Sensor Liquid Hand sanitizer স্থাপন | আইডিয়াটি বাস্তবায়নযোগ্য এবং বর্তমান কোভিড পরিস্থিতি বিবেচনায় আইডিয়াটির দ্রুত বাস্তবায়নে উদ্যোগ নেয়া যেতে পারে। |
| ৪ | জিটিসিএল সাইট অফিসগুলিতে LED Name Plate স্থাপন | আইডিয়া বাস্তবায়নযোগ্য তবে জিটিসিএল এর সাইট অফিসগুলির Public ফাংশন তেমন নেই বিধায় আইডিয়াটির বাস্তবায়ন খুব একটা গুরুত্ব বহন করে না। |

| | | |
|---|---|---|
| ৫ | জিটিসিএল ভবনের গ্রাউন্ড ফ্লোরে (নীচ তলায়) অতিথি/পরিদর্শনকারীদের জন্য পত্রিকা রাখা | আইডিয়া বাস্তবায়নযোগ্য তবে খুব একটা গুরুত্ব বহন করে না। |
| ৬ | জিটিসিএল ভবনের পাশে খালি জায়গায় বহুতল কার পার্কিং (ডিজিটাল বা মেকানিক্যাল কার পার্কিং) ব্যবস্থা করা | জিটিসিএল ভবনের পাশে নিজস্ব খালি জায়গা নেই বলে আইডিয়াটি কমিটির নিকট গ্রহণযোগ্য হয় নি। |
| ৭ | জিটিসিএল ভবনের গ্রাউন্ড ফ্লোরে (নীচ তলায়) প্রবেশ পথে বঙ্গাবন্ধুর মূরাল (ভাস্কর্য্য) স্থাপন | প্রবেশ পথে বঙ্গাবন্ধুর মুরাল ইতোমধ্যেই স্থাপন করা হয়েছে। |
| ৮ | জিটিসিএল ভবনের গ্রাউন্ড ফ্লোরে (নীচ তলায়) লিফটের সামনে বৈদ্যুতিক পাখা স্থাপন | আইডিয়া বাস্তবায়নযোগ্য ; ডিজাইন এন্ড ডেভেলপমেন্ট ডিভিশন এর কাছে এ বিষয়ে কারিগরি মতামত চাওয়া যেতে পারে। |
| ৯ | পেট্রোলম্যান মনিটরিং এর জন্য জিপিএস ট্র্যাকিং/এ্যাসেট ট্র্যাকিং সিস্টেম চালুকরণ | আইডিয়াটি বাস্তবায়নাধীন ; ইতোমধ্যে সাপ্লায়ারকে ক্রয়াদেশ প্রদান করা হয়েছে। |
| ১০ | রেইন ওয়াটার হার্ভেস্টিং (বৃষ্টির পানি সংগ্রহ এবং ব্যবহার) | জিটিসিএল এর বিদ্যমান ভবনগুলিতে রেইন ওয়াটার হার্ভেস্টিং এর প্রয়োজনীয় কাঠামো তৈরি দূরহ হবে তবে ভবিষ্যৎ এ নতুন ভবন নির্মাণের সময় বিএনবিসি-২০২০ অনুসরণ করে "রেইন ওয়াটার হার্ভেস্টিং" - পদ্ধতি ভবনের পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা যেতে পারে। |
| ১১ | মহেশখালী জিরো পয়েন্ট (কালাদিয়ার চর)- জিটিসিএল স্থাপনায় Explosion Proof IP Camera স্থাপন যা জিটিসিএল হেড অফিস ও জিরোপয়েন্ট স্থাপনা হতে মনিটরিং করা যাবে। | আইডিয়া বাস্তবায়নের জন্য ইতোমধ্যে ই-জিপি তে একটি দরপত্র আহ্বান করা হয়েছে যার কারিগরি মূল্যায়ন প্রক্রিয়া বর্তমানে চলমান রয়েছে। |

৩। **<u>সিদ্ধান্তঃ</u>**

৩.১। কোভিড-১৯ এর ওমিক্রন ভ্যারিয়েন্ট এর কথা বিবেচনায় ক্রমিক নং (৩) এর আইডিয়াটি দ্রুত বাস্তবায়নের উদ্যোগ নেয়া যেতে পারে ।

৩.২। প্রস্তাবিত আইডিয়াগুলির মাঝে ক্রমিক নং (১) এর আইডিয়াটি পরবর্তী যে কোন অর্থবছরে বাস্তবায়নের সম্ভাব্যতা যাচাই করা যেতে পারে।

৩.৩। ক্রমিক নং (৯) এর আইডিয়াটি বাস্তবায়নাধীন রয়েছে এবং ক্রমিক নং (১১) এর আইডিয়াটির দরপত্রের বর্তমানে ই-জিপিতে কারিগরি মূল্যায়ন চলমান রয়েছে ।

৩.৪। ক্রমিক নং (৮) এর আইডিয়াটি বাস্তবায়নের জন্য ডিজাইন এন্ড ডেভেলপমেন্ট ডিভিশন এর কাছে কারিগরি মতামত চাওয়া যেতে পারে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(প্রকৌ. মোঃ তাজুল ইসলাম মজুমদার)
পরিচালক (অপারেশন), জিটিসিএল
ও আহ্বায়ক, ইনোভেশন টিম

**<u>বিতরণ: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)</u>**

১। সকল মহাব্যবস্থাপক/পরিচালক, জিটিসিএল।
২। সকল প্রকল্প পরিচালক, জিটিসিএল।
৩। সকল উপ-মহাব্যবস্থাপক, জিটিসিএল।
৪। ফোকাল পয়েন্ট/ সদস্যসিটিজেন চার্টার/জিআরএস/এনআইএস) সচিব-/ এপিএ কমিটি), জিটিসিএল।

**<u>অনুলিপি:</u>**

১। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, জিটিসিএল।
২। অফিস কপি।